

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ৩১, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১১ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ/২৬ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৩১২-আইন/২০১৭।—যেহেতু স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৩ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার বিগত ৬ কার্তিক, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ২১ অক্টোবর, ২০১৫ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ৩০৭-আইন/২০১৫ এর মাধ্যমে ব্রাহ্মণবাড়িয়া জেলার আশুগঞ্জ পৌরসভা গঠনের লক্ষ্যে, ব্রাহ্মণবাড়িয়া জেলার আশুগঞ্জ উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত পল্লী এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণার অভিপ্রায় ব্যক্ত করিয়া উহা প্রকাশিত হইবার তারিখ হইতে অনূর্ধ্ব ১ (এক) মাসের মধ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদকে উহাতে উল্লিখিত প্রস্তাবের বিরুদ্ধে তদ্বরাবরে লিখিত আপত্তি উত্থাপন করিতে পারিবে মর্মে নির্দেশনা প্রদান করিয়াছে; এবং

যেহেতু জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া কর্তৃক উক্ত অভিপ্রায় প্রস্তাবের বিরুদ্ধে আপত্তি উত্থাপন এবং উহা নিষ্পত্তির লক্ষ্যে বিগত ৩ ডিসেম্বর, ২০১৫ তারিখে প্রকাশিত গণবিজ্ঞপ্তির বিরুদ্ধে হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন (রীট পিটিশন নং-১৩৫১৩/২০১৫) এর প্রেক্ষিতে হাইকোর্ট বিভাগের আদেশের মাধ্যমে উক্ত গণবিজ্ঞপ্তি ৩ (তিন) মাসের জন্য স্থগিত করা হইয়াছে; এবং

যেহেতু হাইকোর্ট বিভাগের বিগত ১৩ এপ্রিল, ২০১৭ তারিখে প্রদত্ত রায়ের নির্দেশনা অনুসারে বিগত ১১ জুন, ২০১৭ তারিখে জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া পুনরায় গণবিজ্ঞপ্তি প্রকাশ করিয়াছেন এবং উক্ত গণবিজ্ঞপ্তি প্রকাশিত হইবার পর সরকার উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (৩) এর অধীন উত্থাপিত আপত্তি স্থানীয়ভাবে নিষ্পত্তি করিয়া নিম্ন তফসিলে বর্ণিত পল্লী এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণা করিবার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

সেহেতু সরকার উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (৪) এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্ন তফসিলে বর্ণিত পল্লী এলাকাসমূহকে এতদ্বারা শহর এলাকা ঘোষণা করিল, যথা :—

(১৩৫২৯)

মূল্য : টাকা ৪.০০

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল, নং	দাগ নং
(১)	আশুগঞ্জ সদর ইউনিয়ন	সোনারামপুর	৪৪১	১-৭০৬, ৯৭৭-৯৯৭, ৯৯৯, ১০০০, ১০০৩, ১০০৮-১০২৩, ৭০৭-৯৭৬, ৯৯৮, ১০০৭, ১০০১-১০০৫।
		চরসোনারামপুর	৪৪১/১৯২	১-২৩০।
		যাত্রাপুর	৪৫৮	১-৪০২, ৪০৫-৪০৭, ৪০৯-৪৬৯, ১২২৪-১৪২৮, ১৪৪৩-১৪৪৭, ১৪৫২, ১৪৫৫, ১৪৭১, ১৪৮৮, ১৪৭৯-১৪৯৬, ৪৭০-৪৭২, ৪৭৪-১০৭৪, ১১১০-১২৩৬, ১৩৩০, ১৪২৩, ১৪১৭-১৪২৩, ১৪২৯- ১৪৩৬, ১৪৪২, ১৪৪৮, ১৪৪৯, ১৪৫০, ১৪৫৩, ১৪৫৪, ১৪৫৮, ১৪৫৯, ১৪৬৬- ১৪৬৯, ১৪৭৩-১৪৭৮, ১৪৮৭ ও ১৪৯০।
বৈকুণ্ঠপুর	১৪	১-১৩০, ১৩৮-১৪৯, ১৫৬-২২৮।		
(২)	দূর্গাপুর ইউনিয়ন	সোহাগপুর	৪১	১-৪৬৬, ১০০১-৩৩০৫।
(৩)	চরচারতলা ইউনিয়ন	চরচারতলা	১	১-১০৬, ৩০১-৪৬৫, ৬০১-৬৩৭, ১২০১-১২৪৮, ১৫০২-১৬৭৩, ১৬৭৫- ১৬৯৫, ১৬৯৭-১৮৫৪, ১৮৫৬-২৪৩০, ২৪৩২-২৪৪০, ৩৫০২-৪৪৬৩, ৫৭৫৫- ৫৭৯৪, ৫৭৯৬, ৬১২২।
(৪)	আড়াইসিধা	আড়াইসিধা	৪৫৫	১-২২২, ২২৭-২২৮, ২৪২-৩৫৪, ৩৬০-৪২৮, ১৯৩৬-১৯৪৮, ১৯৭৭ ও ২০১৭।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ. কে. এম. আনিছুল্লাহমান

সহকারী সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd